দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 11 JAN 20 3 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# গাইবান্ধায় বাউবির পরীক্ষা বাতিল ও কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে বিক্ষোভ

গাইবান্ধা, ১০ জানুয়ারি, নিজস্ব সংবাদদাতা ॥ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত বিএগএড প্রোগ্রামের চলতি প্রথম ও পঞ্চম সেমিস্টারের সব পরীক্ষা বাতিল, তৃতীয় সেমিস্টারের পরীক্ষা স্থগিত ও গাইবান্ধা থেকে রংপুরে কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে গতকাল শুক্রবার সকাল ১০টায় শিক্ষার্থীদের এক বিক্ষোভ মিছিল শহর প্রদক্ষিণ শেষে স্থানীয় প্রেসক্লাব চত্বরে দু'ঘণ্টাব্যাপী অবস্থান ধর্মঘট পালন করে। সেখানে একটি সংক্ষিপ্ত সমাবেশও অনুষ্ঠিত হয়।

আসাদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন গাইবান্ধা এটিআই কেন্দ্রে অনুষ্ঠিত বাউবি পরিচালিত বিএগএড প্রোগ্রামের প্রথম, তৃতীয় ও পঞ্চম সেমিস্টারের শিক্ষার্থীদের পক্ষে মোঃ তাজুল ইসলাম, মোঃ শাহীন, মোছাঃ তহমিনা বেগম, মোজাহার আলী, আনোয়ারুল ইসলাম, ফরিদ হোসেন, অরিমা প্রমুখ।

(৭- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## গাইবান্ধায় বাউবির (৮-এর পাতার পর)

শিক্ষার্থীরা পূর্বঘোষণা ছাড়াই বাউবি পরিচালিত গাইবান্ধার এটিআই কেন্দ্রের আওতাধীন বিএগএড প্রোগ্রাম ০২২ টার্মের ১ম, ৩য় ও ৫ম সেমিস্টারের পরীক্ষা বাতিল ও স্থগিত ঘোষণা এবং গাইবান্ধা থেকে রংপুরে কেন্দ্র স্থানান্তরের কঠোর সমালোচনা করেন। সমাবেশে তাঁরা গাইবান্ধার কেন্দ্র বহাল রেখে পরীক্ষা গ্রহণ, হয়রানিমূলক তৎপরতা বন্ধ, পরীক্ষার্থীদের সাথে সৌজন্যমূলক আচরণ করা, ছাত্রীদের প্রতি দুর্ব্যবহার বন্ধ ইত্যাদি দাবি তুলে ধরেন। পরে বাউবি কর্তৃপক্ষ ও জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করে একটি স্মারকলিপি পেশ করা হয়েছে।